গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

ঢাকা, বৃহস্পতিবার ২৬ ফেব্রুয়ারি ২০১৫, ১৪ ফাল্গুন ১৪২১

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা
২। হরতাল-অবরোধে ক্ষতি ১ লাখ ২০ হাজার কোটি টাকা : সংসদে প্রধানমন্ত্রী
৩। ক্ষতিগ্রস্ত যানবাহন মালিকদের প্রধানমন্ত্রীর সহায়তা
৪। জীবন রক্ষাকারী ওষুধের বাজার মূল্য জানাতে আদালতের নির্দেশ
৫। ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে চলতি বছরে ১৯ লাখ টন জ্বালানি তেল আমদানির সিদ্ধান্ত
৬। জলবায়ু সহিষ্ণু ফসলের উন্নয়নে আহ্বান রাষ্ট্রপতির
৭। সরকারিভাবে এইডসের ওষুধ বিতরণ হবে : স্বাস্থ্যমন্ত্রী
৮। বিদেশি ব্যাংকে সিইও নিয়োগে অনুমোদন লাগবে কেন্দ্রীয় ব্যাংকের
৯। এলএনজি টার্মিনাল ব্যবহার চুক্তি সই
১০। মাহমুদুর রহমান মান্নার ১০ দিনের রিমাণ্ড মঞ্জুর

চলমান পাতা/২

১। বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা

আদালতে হাজির না হওয়ায় বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়েছে। জিয়া অরফানেজ ট্রাস্ট ও জিয়া চ্যারিটেবল ট্রাস্ট মামলায় বকশিবাজার আলিয়া মাদ্রাসা মাঠে স্থাপিত ঢাকার বিশেষ জজ আদালত-৩ এর বিচারক আবু আহমেদ জমাদার গতকাল ২৫ ফেব্রুয়ারি বুধবার পৃথক দুটি গ্রেফতারি পরোয়ানা জারি করেন। সূত্র-ইত্তেফাক, জনকণ্ঠ, সমকাল, সংবাদ, ইনকিলাব, ডেইলি স্টার, ডেইলি সানসহ অধিকাংশ দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। হরতাল-অবরোধে ক্ষতি ১ লাখ ২০ হাজার কোটি টাকা : সংসদে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আন্দোলনের নামে নাশকতা-সন্ত্রাস ও মানুষ হত্যা বন্ধ করার জন্য আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, চলমান হরতাল-অবরোধে এক লাখ ২০ হাজার কোটি টাকার ক্ষতি হয়েছে। গত ৫ জানুয়ারি থেকে টানা ৫২ দিন ধরে বিএনপির নেতৃত্বাধীন ২০ দলীয় জোট হরতাল-অবরোধের নামে নৈরাজ্য করছে। এতে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে খেটে খাওয়া মানুষ। পেটের তাগিদে কাজে বের হয়ে এ পর্যন্ত ১০১ জনের মৃত্যু হয়েছে। এরমধ্যে অধিকাংশই আগুনে পুড়ে মারা যায়। গতকাল ২৫ ফেব্রুয়ারি বুধবার জাতীয় সংসদ অধিবেশনে প্রধানমন্ত্রীর প্রশ্নোত্তর পর্বে এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-ইনকিলাব (পৃ.১,ক.৩), যায়যায়দিন (শেষ পৃ.,ক.৩), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১), ডেইলি স্টার (পৃ.১,ক.২)।

৩। ক্ষতিগ্রস্ত যানবাহন মালিকদের প্রধানমন্ত্রীর সহায়তা

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ২৫ ফেব্রুয়ারি বুধবার বিএনপি নেতৃত্বাধীন ২০ দলীয় জোটের ডাকা চলমান হরতাল ও অবরোধে আগুন ও ভাংচুরে ক্ষতিগ্রস্ত বাস, ট্রাক ও অন্য যানবাহন মালিকদের আর্থিক সহায়তা দিয়েছেন। প্রথম দফায় প্রধানমন্ত্রী তাঁর তেজগাঁও কার্যালয়ে ১৫৬টি গাড়ির ১৪৬ জন মালিককে ৪ কোটি ২০ লাখ ৬৫ হাজার টাকার চেক বিতরণ করেন। গত দুই মাসে বিএনপি-জামায়াত জোটের সন্ত্রাসী কর্মকাণ্ডে এসব গাড়ি ক্ষতিগ্রস্ত হয় ও পুড়ে যায়। ক্ষতিগ্রস্ত প্রতিটি গাড়ির মালিককে সর্বোচ্চ ১০ লাখ টাকা আর্থিক সহায়তা দেওয়া হয়। সূত্র-সমকাল (শেষ পৃ.,ক.১), প্রথম আলো (পৃ.২,ক.৩), নিউজ টুডে (পৃ.১,ক.১), ডেইলি সান (পৃ.৩,ক.২)।

৪। জীবন রক্ষাকারী ওষুধের বাজার মূল্য জানাতে আদালতের নির্দেশ

জীবন রক্ষাকারী ওষুধের বাজার মূল্য ও অনুমিত মূল্য উল্লেখ করে মুল্য বৃদ্ধির হার ও বৃদ্ধির অনুমতি আছে কি-না, সে সম্পর্কে প্রতিবেদন দাখিলের নির্দেশ দিয়েছে আদালত। ভোক্তা অধিকার সংরক্ষণ পরিদপ্তরের মহাপরিচালককে এই প্রতিবেদন দিতে বলা হয়েছে। এছাড়া সাত দিনের মধ্যে ন্যাশনাল ড্রাগ এডভাইজারি কাউন্সিলকে এসব ওষুধের সর্বোচ্চ দাম নির্ধারণ করে দেওয়া গেজেট আদালতে জমা দিতে বলা হয়েছে। গেজেট করা না হলে আইন অনুসারে তা না করার কারণ এভিডেভিট আকারে জানাতে নির্দেশ দেওয়া হয়েছে। এক রিট আবেদনের শুনানি শেষে গতকাল ২৫ ফেব্রুয়ারি বুধবার বিচারপতি মো. রেজাউল হাসান ও বিচারপতি ফরিদ আহমেদের ডিভিশন বেঞ্চ এই আদেশ দেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.১), যুগান্তর (পৃ.২,ক.১)।

৫। ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে চলতি বছরে ১৯ লাখ টন জ্বালানি তেল আমদানির সিদ্ধান্ত

চলতি বছরে প্রায় ১৯ লাখ মেট্রিক টন জ্বালানি তেল আমদানি করা হবে। কুয়েত, মালয়েশিয়া, ফিলিপাইন, চীন, ভিয়েতনাম, ব্রুনাই, ইন্দোনেশিয়া ও তুরস্ক থেকে এ তেল আনা হবে। এর জন্য ব্যয় হবে প্রায় সাড়ে ৭ হাজার কোটি টাকা। গতকাল ২৫ ফেব্রুয়ারি বুধবার সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে তেল আমদানির এ অনুমোদন দেওয়া হয়। অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত সভায় সভাপতিত্ব করেন। সূত্র-যুগান্তর (পৃ.২,ক.৩), সংবাদ (শেষ পৃ.,ক.৩), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৩)।

৬। জলবায়ু সহিষ্ণু ফসলের উন্নয়নে আহ্বান রাষ্ট্রপতির

জলবায়ু সহিষ্ণু বিভিন্ন জাতের শস্যের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ কৃষিবিষয়ক শিক্ষা ও গবেষণাকে আরও সংহত ও আধুনিক করে তুলতে কৃষিবিদদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, জলবায়ু পরিবর্তনজনিত পরিস্থিতি মোকাবিলার পাশাপাশি দেশের বিপুল জনগোষ্ঠীর খাদ্য চাহিদা পূরণ আমাদের কৃষিবিদদের জন্য এক বিরাট চ্যালেঞ্জ। গতকাল ২৫ ফেব্রুয়ারি বুধবার 'কৃষিবিদ ইনস্টিটিউশন' পদক বিতরণ অনুষ্ঠানে এসব কথা বলেন রাষ্ট্রপতি। সূত্র-সমকাল (পৃ.২,ক.১), ডেইলি সান (পৃ.২,ক.৩)।

৭। সরকারিভাবে এইডসের ওষুধ বিতরণ হবে : স্বাস্থ্যমন্ত্রী

সরকারিভাবে এইডসের ওষুধ আমদানি ও বিতরণের ব্যবস্থা করা হবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল ২৫ ফেব্রুয়ারি বুধবার রাজধানীর একটি পাঁচতারকা হোটেলে ডার্মাটোলজিক্যাল সোসাইটির বৈজ্ঞানিক অধিবেশনের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। মন্ত্রী বলেন, এনজিওগুলোর মাধ্যমে বিতরণ করায় আক্রান্তরা সঠিকভাবে এইডসের ওষুধ না পাওয়ার অভিযোগ করেছেন। তাই আগামী বছর থেকে সরকারি নিয়ন্ত্রণে চিকিৎসকদের মাধ্যমে এইডসের ওষুধ বিতরণ করা হবে। শিগগিরই দেশে একটি পূর্ণাঙ্গ বার্ন ইনস্টিটিউট স্থাপনের কথাও জানান স্বাস্থ্যমন্ত্রী। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.১), যায়যায়দিন (পৃ.১৫,ক.২)।

৮। বিদেশি ব্যাংকে সিইও নিয়োগে অনুমোদন লাগবে কেন্দ্রীয় ব্যাংকের

বাংলাদেশে কার্যক্রম পরিচালনাকারী বিদেশি ব্যাংকগুলোর প্রধান নির্বাহী কর্মকর্তার (সিইও) পদ কোনোক্রমেই একটানা তিন মাসের বেশি খালি রাখা যাবে না। বিদেশি ব্যাংকের স্থানীয় প্রধান নির্বাহী নিয়োগের ক্ষেত্রে আগে বাংলাদেশ বিনিয়োগ বোর্ডের ওয়ার্ক পারমিট নিতে হবে। এরপর বিনিয়োগ বোর্ডের অনুমতিসহ প্রয়োজনীয় তথ্যাবলী উল্লেখ করে বাংলাদেশে কাজ করার অনুমতির জন্য কেন্দ্রীয় ব্যাংকে আবেদন করতে হবে। এ বিষয়ে গতকাল ২৫ ফেব্রুয়ারি বুধবার বাংলাদেশ ব্যাংক থেকে একটি সার্কুলার জারি করে দেশে কার্যরত বিদেশি ব্যাংকগুলোর প্রধান নির্বাহী কর্মকর্তাদের কাছে পাঠানো হয়েছে। সূত্র-যুগান্তর (পৃ.২,ক.২), প্রথম আলো (পৃ.১৩,ক.১)।

৯। এলএনজি টার্মিনাল ব্যবহার চুক্তি সই

বহুল প্রতিক্ষিত তরলীকৃত প্রাকৃতকি গ্যাস (এলএনজি) টার্মিনাল ব্যবহার টার্মশিট স্বাক্ষর হয়েছে। গতকাল ২৫ ফেব্রুয়ারি বুধবার রাজধানীর কারওয়ান বাজারে পেট্রোসেন্টারে ফ্লোটিং স্টোরেজ এ্যান্ড রি-গ্যাসিফিকেশনের জন্য (এফএসআরইউ) পেট্রোবাংলা এবং এক্সিলারেট এনার্জি পার্টনারশিপের মধ্যে টার্মশিট স্বাক্ষরিত হয়। এর মধ্য দিয়ে আমদানি করা গ্যাস ব্যবহারের প্রক্রিয়া শুরু হলো। এখন প্রতিদিন ৫০০ মিলিয়ন ঘনফুট গ্যাসের সঙ্কট রয়েছে। বিদ্যুৎ উৎপাদন শিল্প এবং অন্যান্য খাতে গ্যাসের পর্যাপ্ত সরবরাহ বৃদ্ধির জন্য এলএনজি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে মনে করছে সরকার। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২), সমকাল (পৃ.১৯,ক.২), ডেইলি সান (শেষ পৃ.,ক.২), নিউ নেশন (শেষ পৃ.,ক.১)।

১০। মাহমুদুর রহমান মান্নার ১০ দিনের রিমাণ্ড মঞ্জুর

নাগরিক ঐক্যের আহ্বায়ক মাহমুদুর রহমান মান্নার বিরুদ্ধে ১০ দিনের রিমাণ্ড মঞ্জুর করেছেন আদালত। সশস্ত্র বাহিনীকে বিদ্রোহে উসকানির অভিযোগে গুলশান থানায় দায়ের করা মামলায় ঢাকা মহানগর হাকিম মাহবুবুর রহমানের আদালত গতকাল ২৫ ফেব্রুয়ারি বুধবার এ আদেশ দেন। সূত্র-ভোরের কাগজ (পৃ.১, ক.২), ইত্তেফাক (পৃ.১,ক.২), নিউ এজ (পৃ.১,ক.২), বাংলাদেশ টুডে (পৃ.১,ক.২)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, সমকাল : ঢাকা সিটি কর্পোরেশন নির্বাচন অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও গ্রহণযোগ্যভাবে অনুষ্ঠানের আহ্বান;

খ. ইত্তেফাক : নৌপথ ও সড়কপথে একের পর এক দুর্ঘটনার কারণ ফিটনেসবিহীন যান ও অদক্ষ চালক ও মাস্টার উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান;

গ. জনকণ্ঠ : সাতক্ষীরার শ্যামনগরে কপোতাক্ষ নদের বেড়িবাঁধে ব্যাপক ভাঙ্গন দেখা দেওয়ায় স্থানীয় এলাকাবাসী স্বেচ্ছাশ্রমের মাধ্যমে বাঁধটি সংস্কারের কাজ শুরু করার ঘটনা অনুকরণীয় দৃষ্টান্ত উল্লেখ করে অন্যান্য জায়গায় তা প্রেরণা হিসেবে কাজ করবে এই প্রত্যাশা ব্যক্ত;

ঘ. সমকাল : আর্সেনিক আক্রান্ত অনেক এলাকায় জটিল ও দীর্ঘমেয়াদি বিষের বিরুদ্ধে লড়াইয়ে ধারাবাহিকতার বিকল্প নেই বলে মন্তব্য;

ঙ. সংবাদ, যায়যায়দিন : একটি ভূমি কমিশন গঠনের অভাবে আদিবাসীদের সমতল ভূমি অধিকার বারবার লংঘিত হওয়ায় আদিবাসীদের মানবাধিকার নিশ্চিত করতে দ্রুত একটি ভূমি কমিশন গঠনের আহ্বান;

চ. ইন্ডিপেনডেন্ট : রাজধানীর যানবাহন চলাচলে নানা অনিয়ম দুর্নীতি রোধ করতে যথাযথ পদক্ষেপ নেওয়ার দাবি;

ছ. নিউজ টুডে : মাছে ফরমালিন দেওয়াকে জনস্বাস্থ্যের জন্য হুমকি উল্লেখ করে ফরমালিন নিয়ন্ত্রণে কঠোর আইন প্রয়োগের সুপারিশ;

জ. ডেইলি সান : ডাক্তার ও নার্সদের অবহেলায় সিলেট ওসমানী মেডিকেল কলেজে ৩২ জনের মৃত্যুর ঘটনার জন্য দায়িদের বিরুদ্ধে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ;

ঝ. ডেইলি স্টার, যুগান্তর : অবরোধের ৫২ দিন পেরিয়ে যাওয়ার কথা উল্লেখ করে মানুষের জানমালসহ অর্থনীতির আরও ক্ষতি এড়াতে রাজনৈতিক দলগুলোকে অবিলম্বে সব ধরনের নেতিবাচক কর্মসূচি পরিহার করে সমঝোতার পথে অগ্রসর হওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

সমকাল পত্রিকায় প্রকাশিত কলামে বিশ্বায়নের নতুন যুগে এবং মানুষের উন্নত জীবনযাত্রার প্রত্যাশার পটভূমিতে গোঁড়ামি বাদ দিয়ে রাজনীতির নতুন ধারণার উদ্ভাবন অপরিহার্য বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত 'জনশক্তি রপ্তানি অভিবাসন গতিকে ত্বরান্বিত করবে' শিরোনামের নিবন্ধে মো. আতিকুর রহমান জনশক্তি রপ্তানির পথকে মসৃন করতে সরকারের পাশাপাশি সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্টগুলো অধিক আন্তরিক হবে এমনটিই জাতি প্রত্যাশা করে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/সাঈদা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা